গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mora.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০১.২৩.০০৪.১৭/৭২৫

তারিখ: ৩০ বৈশাখ, ১৪২৫
১৩ মে, ২০১৮

বিষয় : **আসন্ন পবিত্র রমজান, ১৪৩৯ হিজরী ধর্মীয় ভাব-গাম্ভীর্যের মাধ্যমে উদযাপনের লক্ষ্যে করণীয় বিষয়সমূহ নির্ধারণকল্পে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে গত ১০/০৫/২০১৮ তারিখে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর সভাপতিত্বে আসন্ন পবিত্র রমজান, ১৪৩৯ হিজরী ধর্মীয় ভাব-গাম্ভীর্যের মাধ্যমে উদযাপনের লক্ষ্যে করণীয় বিষয়সমূহ নির্ধারণকল্পে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো। কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি : বর্ণনামতে ০৩(তিন) পাতা।

(মো: আহসান হাবীব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪০৫৮৯
ফ্যাক্স: ৯৫১২২৮৬
e-mail: moragovbd@gmail.com

বিতরণ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
১০. ওয়াকফ্ প্রশাসক, বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়, মগবাজার, ঢাকা।
১১. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ।
১২. মহাপরিচালক, র‍্যাব, উত্তরা, ঢাকা।
১৩. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১৪. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
১৫. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
১৬. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৭. মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
১৮. ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, ঢাকা।
১৯. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই অথোরিটি(DESA)।
২০. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
২১. ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস লি:, ঢাকা।
২২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
২৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
২৪. যুগ্মকমিশনার (ট্রাফিক বিভাগ), ঢাকা মেট্রোপলিটন পুলিশ।
২৫. জেলা প্রশাসক, ....................................................................................।
২৬. উপসচিব (প্রশাসন/হজ/উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
২৭. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

২৮. পুলিশ সুপার, ......................................................................................।
২৯. পরিচালক (দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ), ইসলামিক ফাউন্ডেশন,বায়তুল মোকাররম, ঢাকা।
৩০. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।
৩১. সিনিয়র তথ্য অফিসার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩২. উপজেলা নির্বাহী অফিসার, ......................................................................................।

স্মারক নং-১৬.০০.০০০০.০০১.২৩.০০৪.১৭/৭২৫

তারিখ: ৩০ বৈশাখ, ১৪২৫ / ১৩ মে, ২০১৮

সদয় জ্ঞাতার্থে :

১. মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. যুগ্মসচিব (হজ/বাজেট ও অনুদান/প্রশাসন/সংস্থা) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. উপসচিব (প্রশাসন/হজ/উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অফিস কপি/গার্ড ফাইল।

১৩/৫/১৮
(মো: আহসান হাবীব)
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mora.gov.bd

বিষয় : **আসন্ন পবিত্র রমজান, ১৪৩৯ হিজরী ধর্মীয় ভাব-গাম্ভীর্যের মাধ্যমে উদযাপনের লক্ষ্যে করণীয় বিষয়সমূহ নির্ধারণকল্পে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী ।**

সভাপতি : মো: আনিছুর রহমান, সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

সময় ও তারিখ: ১০/০৫/২০১৮ খ্রী:; বেলা ২.৩০ ঘটিকা।

স্থান : মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নং ১৫১৫, ভবন নম্বর-৬ বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

আসন্ন পবিত্র রমজান, ১৪৩৯ হিজরী ধর্মীয় ভাব-গাম্ভীর্যের মাধ্যমে উদযাপনের লক্ষ্যে করণীয় বিষয়সমূহ নির্ধারণকল্পে ১০/০৫/২০১৮ খ্রী: রোজ বৃহস্পতিবার সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভা কক্ষে এক আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয় । সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-"ক" ।

০২। সভাপতি সকলকে স্বাগত জানান এবং উপস্থিত কর্মকর্তাগণকে নিজ নিজ পরিচয় জানানোর জন্য অনুরোধ করেন। পরিচয় পর্ব শেষে তিনি যুগ্মসচিব (প্রশাসন) ড. মোয়াজ্জেম হোসেন-কে সভার আলোচ্য বিষয়সমূহ বিস্তারিত আলোচনা করার জন্য অনুরোধ করেন। যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় প্রথম বারের মত পবিত্র মাহে রমজান ১৪৩৯ হিজরী ধর্মীয় ভাব-গাম্ভীর্যের মাধ্যমে উদযাপনের লক্ষ্যে করণীয় বিষয়সমূহ নির্ধারণকল্পে এ সভার আয়োজন করেছে। পবিত্র রমজান মাস প্রত্যেক ধর্মপ্রাণ মুসলমানের জন্য রহমত, মাগফেরাত ও নাজাতের সওগাত নিয়ে আসে। সওম বা রোজা প্রত্যেক বালেগ নর-নারীর উপর ফরজ। পবিত্র কোরআন মাজিদ এ মাসে নাজিল হয়েছে। রোজা পালনের মাধ্যমে রোজাদার পরহেযগারী অর্জনের সৌভাগ্য লাভ করে। এজন্য প্রত্যেক মুসলিম নর-নারীর এ মাসের পবিত্রতা রক্ষা করা ও মাহাত্ম বর্ণনা করা আবশ্যক। কোরআন এবং হাদীসের আদেশ-নিষেধ জনগণকে অবহিত করার জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, অন্যান্য মন্ত্রণালয়, অধিদপ্তর ও সংস্থার সহযোগিতায় পবিত্র রমজান যথাযথ মর্যাদায় পালন করার নিমিত্ত অদ্যকার সভা আহবান করা হয়েছে । তিনি এ সভায় নিম্নরূপ কর্মসূচি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে উপস্থিত কর্মকর্তাদের আহবান করা যেতে পারে মর্মে মত প্রকাশ করেন। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় উপস্থিত কর্মকর্তাবৃন্দকে রমজানের পবিত্রতা রক্ষা ও করণীয় বিষয়ে মতামত দেয়ার জন্য অনুরোধ করেন। উপস্থিত কর্মকর্তাবৃন্দ তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। সার্বিক আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | করণীয় বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১.০ | রেডিও, টেলিভিশন ও ডিসপ্লে বোর্ডে রোজার তাৎপর্য তুলে ধরা | বাংলাদেশ বেতারের পরিচালক (অনুষ্ঠান) মো: ছালাহ উদ্দিন জানান যে, রমজান মাসে প্রতিদিন বাংলাদেশ বেতার হতে হিফজুল কোরআন ও রমজানুল মোবারক অনুষ্ঠান ২টি নিয়মিতভাবে প্রচার হয়। ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক (দ্বীনী দাওয়াত) মোজাহারুল মান্নান সভাকে জানান চ্যানেল 24 এর সাথে ইসলামিক ফাউন্ডেশনের চুক্তি মোতাবেক রমজানে বাদ যোহর ও আছর তাফসিরুল কোরআন, দারসে হাদীস, হামদ, নাদ এবং সেহরি-ইফতারের সময় ধর্মীয় আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া প্রতিদিন রোজাদারদের জন্য বায়তুল মোকাররমে পূর্বের ধারাবাহিকতায় ইফতারের আয়োজন করা হবে। যুগ্মসচিব (সংস্থা) এ বি এম আমিন উল্লাহ নূরী বায়তুল মোকাররমের প্রধান ফটকে ও রাজধানীর গুরুত্বপূর্ণ স্থানে রমজানের পবিত্রতা ও করণীয় বিষয়ে জনগণকে সচেতন করার জন্য কয়েকটি ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন করা এবং অনুরূপভাবে জেলা পর্যায়ে এরূপ ডিসপ্লে বোর্ড স্থাপন করার জন্য জেলা প্রশাসনকে অনুরোধ করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন। | বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশন তাদের নিয়মিত অনুষ্ঠানের পাশাপাশি রমজানের গুরুত্ব ও তাৎপর্য বিষয়ে ধর্মীয় অনুষ্ঠান প্রচার করবে। অন্যান্য বেসরকারী ইলেকট্রনিক মিডিয়াকে অনুরূপ অনুষ্ঠান প্রচারের অনুরোধ করতে হবে। কোরআন ও হাদীসের উদ্ধৃতি দিয়ে বায়তুল মোকাররমসহ রাজধানীর গুরুত্বপূর্ণ স্থানে ডিসপ্লে বোর্ড স্থাপন করতে হবে। জেলা প্রশাসনকে ডিসপ্লে বোর্ড স্থাপনের জন্য অনুরোধ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ বেতার/ বাংলাদেশ টেলিভিশন/ইসলামিক ফাউন্ডেশন/ যুগ্মসচিব(প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |

| ক্রম | করণীয় বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২.০ | দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখা | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা মো: সাইদুর রহমান খান জানান যে, প্রত্যেক বাজারে সিটি কর্পোরেশন কর্তৃক মূল্য তালিকা দেয়া থাকবে। ঢাকা বিভাগীয় কমিশনার ও পুলিশ কমিশনার এবং জেলা প্রশাসক ঢাকার প্রতিনিধি জানান যে, সিটি কর্পোরেশন, জেলা প্রশাসন ও র‍্যাব থেকে নিয়মিতভাবে নিত্যপণ্যের বাজার মনিটরিং এবং মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। | রমজানের পবিত্রতা রক্ষায় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের জন্য উভয় সিটি কর্পোরেশন, জেলা প্রশাসন ও র‍্যাব থেকে নিয়মিতভাবে বাজার মনিটরিং এবং মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য অনুরোধ করা হয়। | বানিজ্য মন্ত্রণালয়/ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন/জেলা প্রশাসন/র‍্যাব। |
| ৩.০ | রোজার সময় হোটেলসমূহ দিনের বেলায় বন্ধ রাখা | ঢাকা মেট্রোপলিটন পুলিশ এর ডিসি (অপারেশন) মো: সাহেদ আল মাসুদ এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রতিনিধি জানান যতটা সম্ভব রোজার সময় দিনের বেলা হোটেলসমূহ বন্ধ রাখার চেষ্টা করা হয়। তারা জানান যে, এ বিষয়ে সরকারের স্পষ্ট নির্দেশনা না থাকায় ছোট বড় হোটেলগুলো রমজানে দিনের বেলায় বন্ধ রাখা সম্ভব হয়না। মন্ত্রিপরিষদ বিভাগে এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা যেতে পারে। | রোজায় হোটেলসমূহ দিনের বেলায় বন্ধ রাখার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র যোগাযোগ করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সংস্থাগুলো কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে। | ঢাকা মেট্রোপলিটন পুলিশ/ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন/যুগ্মসচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |
| ৪.০ | রাস্তা-ঘাট ও পাবলিক প্লেস পরিস্কার-পরিচ্ছন্ন | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রতিনিধি জানান যে, ইতোমধ্যে ওয়ার্ডে ওয়ার্ডে পরিস্কার-পরিচ্ছন্নতার কাজ শুরু করা হয়েছে এবং আগামী ২ মাস এ কার্যক্রম অব্যাহত থাকবে। | পরিস্কার-পরিচ্ছন্নতার কাজ অব্যাহত রাখতে হবে। | ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ৫.০ | ভেজাল খাদ্য রোধকল্পে ব্যবস্থা গ্রহণ | ঢাকা জেলা প্রশাসনের প্রতিনিধি কাজী নাহিদ রসুল, ঢাকা মেট্রোপলিটন পুলিশ এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রতিনিধি জানান যে, ভেজাল বিরোধী অভিযানে জেলা প্রশাসন, সিটি কর্পোরেশন ও র‍্যাব হতে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। রমজান মাসে এরূপ মোবাইল কোর্ট অব্যাহত থাকবে। | ভেজাল বিরোধী অভিযানে জেলা প্রশাসন, সিটি কর্পোরেশন ও র‍্যাব হতে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য অনুরোধ করা হয় এবং এ বিষয়টি গুরুত্বের সাথে বাংলাদেশ রেডিও ও টিভিতে প্রচার করার জন্য অনুরোধ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ বেতার/টিভি/ঢাকা জেলা প্রশাসন/ ঢাকা মেট্রোপলিটন পুলিশ/ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন। |
| ৬.০ | রমজান মাসের তাৎপর্য ও করণীয় সম্পর্কে মসজিদে বিশেষ বয়ান | সকল মসজিদের খতীব/ইমামদের রমজান মাসের তাৎপর্য ও করণীয় সম্পর্কে খুতবায় সহজভাবে বয়ান করার জন্য অনুরোধ করা যায়। | ইসলামিক ফাউন্ডেশন এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ইসলামিক ফাউন্ডেশন |
| ৭.০ | যাকাত আদায়ের বিষয়ে মানুষকে উৎসাহিত করা | ইসলামিক ফাউন্ডেশনের প্রতিনিধি জানান যে, রমজান মাসের প্রথম ও দ্বিতীয় সপ্তাহের মধ্যে "যাকাত সপ্তাহ" পালন করা যেতে পারে। জেলা ও উপজেলা প্রশাসন এবং ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত ইফতার মাহফিলে উপস্থিত রোজাদারকে যাকাত প্রদানের বিষয়ে তাগিদ দেয়া যায়। যাকাতের গুরুত্ব সম্পর্কে হাজীদের জন্য আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচিতে আলোচনা করা যায়। এ প্রসঙ্গে সভাপতি জানান যে, ইসলামে ৫টি রুকনের মধ্যে যাকাত অন্যতম রুকন। প্রত্যেক মুসলিম যার নিসাব পরিমাণ সম্পদ বছরান্তে জমা থাকে তাকে যাকাত দেয়া ফরজ। রাষ্ট্রের মাধ্যমে যাকাত আদায় এবং আদায়কৃত যাকাত কোরআনের বিধান অনুযায়ী বিতরণ করা রাষ্ট্রের দায়িত্ব। এ বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তাছাড়া যাকাত প্রদান পদ্ধতি জনগণকে অবহিত করা ও সহজ করার ব্যবস্থা গ্রহণ করা যায়। | প্রত্যেক জেলা ও উপজেলায় যাকাত বাক্স স্থাপন, ইফতার মাহফিলে ও হাজীদের জন্য আয়োজিত হজ বিষয়ক প্রশিক্ষণে যাকাতের বিষয়টি গুরুত্বসহকারে আলোচনা করতে হবে। | ইসলামিক ফাউন্ডেশন/জেলা/ উপজেলা প্রশাসন/যুগ্মসচিব (হজ),ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/পরিচালক, হজ। |

| ক্রম | করণীয় বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৮.০ | বিদ্যুৎ, পানি সরবরাহ নিশ্চিত/ নিরবচ্ছিন্নকরণ | সেহরী, ইফতার এবং তারাবীহ এর সময় বিদ্যুৎ, পানি ও অন্যান্য ইউটিলিটি সরবরাহ নিশ্চিত/নিরবচ্ছিন্নকরণ করার জন্য সংশ্লিষ্ট সকল সংস্থাকে অনুরোধ করা যেতে পারে। | বিদ্যুৎ, পানি ও অন্যান্য ইউটিলিটি সরবরাহ নিশ্চিত করণের জন্য ডেসা, ডেসকো, ওয়াসা এবং তিতাস গ্যাস কোম্পানী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ডেসা/ডেসকো/ওয়াসা/ তিতাস গ্যাস |
| ৯.০ | যানজট সহনীয় পর্যায়ে রাখা | রমজান মাসে যানজট সহনীয় পর্যায়ে রাখার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় মতামত ব্যক্ত করা হয়। | রমজান মাসে যানজট সহনীয় পর্যায়ে রাখার ডিএমপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ডিএমপি/ট্রাফিক বিভাগ |
| ১০.০ | ডিজিটাল বিলবোর্ড স্থাপন | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের কার্যক্রম ও রমজান মাসে রমজানের তাৎপর্য এবং সেহরী ও ইফতারের সময়সূচি উল্লেখপূর্বক বায়তুল মোকাররম মসজিদের দক্ষিণ গেট, ওয়াকফ প্রশাসকের কার্যালয় এবং রাজধানী গুরুত্বপূর্ণ স্থানে ডিজিটাল বিলবোর্ড স্থাপন করা যেতে পারে মর্মে ইসলামিক ফাউন্ডেশনের প্রতিনিধি সভায় মতামত ব্যক্ত করেন। দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রতিনিধি জানান যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের কার্যক্রম প্রচার ও প্রসারনের জন্য প্রয়োজনে দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক স্থাপিত বিলবোর্ড ব্যবহার করা যায়। এজন্য দক্ষিন সিটি কর্পোরেশনকে অনুরোধ করা যেতে পারে। | বায়তুল মোকাররম মসজিদের দক্ষিণ গেট, ওয়াকফ প্রশাসকের কার্যালয় এবং রাজধানী গুরুত্বপূর্ণ স্থানে ৩টি ডিজিটাল বিলবোর্ড মন্ত্রণালয় এবং ইসলামিক ফাউন্ডেশনের পক্ষ থেকে জরুরি ভিত্তিতে স্থাপন করতে হবে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের কার্যক্রম প্রচার ও প্রসারনের জন্য দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক স্থাপিত বিলবোর্ড ব্যবহারের জন্য দক্ষিণ সিটি কর্পোরেশনকে অনুরোধ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন/যুগ্মসচিব (প্রশসান), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |
| ১১.০ | র‌্যালি | যুগ্মসচিব (সংস্থা) এ বি এম আমিন উল্লাহ নুরী রমজান মাস শুরু হওয়ার পূর্বে র‌্যালির আয়োজন করার বিষয়ে মতামত ব্যক্ত করেন। ইসলামিক ফাউন্ডেশনের প্রতিনিধি অনুরূপ মতামত প্রকাশ করেন। | বায়তুল মোকাররম হতে প্রেস ক্লাব পর্যন্ত একটি র‌্যালির আয়োজন করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মো: আনিছুর রহমান)
সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।